



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: ৫৮৬১৬৬৮১, ৫৮৬১৭৯০৮, ৯৬১৫৫৭৬

১/৫ ২১৫৪১



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১২১০৯২১/গাইবান্ধা -১৫৭/১১৬৯ /৪

তারিখ: ১৬.০১.২০২০খ্রি.

বিষয়: চিকিরপটল রহমানিয়া দাখিল মাদ্রাসার একাডেমিক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলাধীন চিকিরপটল রহমানিয়া দাখিল মাদ্রাসা স্থানান্তরের বিষয়ে উক্ত মাদ্রাসার সাবেক ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: হাসমত আলী একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেছেন যে, উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক মন্ডলী গাইবান্ধা শহরে বসবাস করার কারণে নদী পারাপারের অযুহাতে বেশ কিছু দিন থেকে প্রতিষ্ঠানটি নদীর পশ্চিম পাড়ে স্থানান্তরের পায়তারা চালায়। স্থানীয় ইউপি চেয়ারম্যান ও সুপারের সার্বিক সহযোগিতায় গত ০১লা জানুয়ারি ২০১৯ তারিখে নদীর পশ্চিম পাড়ে উড়িয়া মৌজায় নতুন গৃহ স্থাপনপূর্বক পাঠদান শুরু করেছে। উল্লেখ্য মাদ্রাসা ভবন এখনও নদী থেকে বেশ দূরে আছে এবং সকল অবকাঠামোও সঠিক আছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক মতামত প্রেরণের জন্য জেলা প্রশাসক, গাইবান্ধা-কে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেন-নদী ভাঙনের কারণে এবং শিক্ষকের যাতায়াতের সুবিধার্থে মাদ্রাসাটি নদীর পশ্চিম পার্শ্বে স্থানান্তর হলে চরের অসহায় ছাত্র-ছাত্রীর মাধ্যমিক শিক্ষা লাভে অসুবিধা হবে। সুতরাং চরের ছাত্র-ছাত্রীদের শিক্ষার সুবিধার্থে চরের উপযোগী ভবন নির্মাণ করে নদীর পূর্বপাশেই মাদ্রাসাটি রাখা সমীচীন হবে মর্মে মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে চরের ছাত্র-ছাত্রীদের শিক্ষার সুবিধার্থে চরের উপযোগী ভবন নির্মাণ করে নদীর পূর্বপাশেই মাদ্রাসার সকল ধরনের একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (.....) পাতা।

স্বাঃ

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

- ১। সুপার, চিকিরপটল রহমানিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: ফজলপুর, উপজেলা: ফুলছড়ি, জেলা: গাইবান্ধা;
- ২। সভাপতি/কমিটির সদস্যবৃন্দ, চিকিরপটল রহমানিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: ফজলপুর, উপজেলা: ফুলছড়ি, জেলা: গাইবান্ধা।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১২১০৯২১/গাইবান্ধা -১৫৭/১১৬৯ /৪

তারিখ: ১৬.০১.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, গাইবান্ধা;
২. উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা;
৪. জনাব মো: হাসমত আলী (সাবেক সভাপতি), চিকিরপটল রহমানিয়া দাখিল মাদ্রাসা, ফুলছড়ি, গাইবান্ধা;
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
১৩/১/২০২০

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

২৩/১/২০২০